



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অনলাইনে প্রাথমিক আবেদন ১৪ অক্টোবর ২০২৬ খ্রি. থেকে শুরু হয়েছে। ভর্তি কার্যক্রম নিম্নবর্ণিত সময় অনুযায়ী সম্পন্ন হবে।

১। ভর্তির আবেদনের জন্য প্রার্থীর যোগ্যতা ও শর্তাবলী:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স নিয়মিত প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। এ লক্ষ্যে 'জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকব' মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। ভর্তির জন্য প্রার্থীর করণীয়:

শিক্ষার্থীকে On-line-এ অত্যন্ত সতর্কতার সাথে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন এবং নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত বা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার প্রাথমিক আবেদন বাতিল বলে গণ্য হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয় দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি যোগ্য বিষয়ের নাম ও আসন দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম/পোষ্য (Ward) কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা নির্ধারণ করতে হবে। কোটার আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয় ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

ঙ) অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120x150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50kb.

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11")] অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ক্রটি সংশোধন: আবেদনকারী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ক্রটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Masters Tab→Apply Now[Masters (Reg.)] অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change অপশনে গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One time password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

জ) সর্বশেষ ১৫.১১.২০২৬ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদনকারী অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ করতে পারবে।

ঝ) ১৫.১০.২০২৬ থেকে ১৬.১১.২০২৬ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদনকারী নির্ধারিত ফি ১,০০০/- (এক হাজার) টাকা ই-শিক্ষার মাধ্যমে জমা দিতে পারবে।

বিঃদ্র: ১. টাকা জমাদানের পরে কোনভাবেই আর আবেদন ফরম সংশোধন করা যাবে না। সংশোধন করতে হলে কলেজের নির্ধারিত ভর্তি কমিটির সাথে যোগাযোগ করতে।

২. ভর্তি আবেদনের নির্ধারিত সময়সীমার শেষ দিকে সার্ভার ব্যস্ত থাকে বিধায় শিক্ষার্থীদের গুরুত্ব দিকে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য পরামর্শ দেওয়া হলো।

৩. সতর্কতার সাথে আবেদন ফি ১০০০/- জমা দিতে হবে; ভুল পেমেন্ট এর ক্ষেত্রে টাকা ফেরত প্রদান করা হবে না।

৪. আবেদন সংক্রান্ত যে কোন পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

প্রাথমিক আবেদন ফি জমাদানের প্রক্রিয়া:

ধাপ-১: <https://mccollege.eshiksaems.com> User ID: mcstudent & Password: mcstudent

ধাপ-২: Apply for Application Form এ ক্লিক করতে হবে

ধাপ-৩: Admission Masters সিলেক্ট করতে হবে

ধাপ-৪: প্রাথমিক আবেদন এর ০৭ সংখ্যার ডিজিট, শিক্ষার্থীর নাম ও শিক্ষার্থীর সচল মোবাইল নম্বর সঠিকভাবে লেখার পর Submit করতে হবে। এরপর Online Payment through Sonali Pay এ ক্লিক করে টাকা জমা দিয়ে টাকা জমার রশিদ সংগ্রহ করতে হবে। প্রয়োজন হলে টাকা জমার রশিদ প্রদর্শন করতে হবে।

বিঃদ্র: প্রাথমিক আবেদনের হার্ড কপি জমা দেওয়ার প্রয়োজন নেই।

এছাড়াও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

প্রতিস্বাক্ষর
3/25
25/10/26
অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

Principal

Murari Chand College, Sylhet.

15.10.2026
আহ্বায়ক

মাস্টার্স শেষপর্ব ভর্তি কমিটি ২০২৪-২০২৫

মুরারিচাঁদ কলেজ, সিলেট